



বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড
Bangladesh Power Development Board

কেন্দ্রীয় সচিবালয়
ওয়াদা ভবন (২য় তলা)
মতিঝিল বা/এ, ঢাকা।
ফোন : ৯৫৫৪২০৯, ৯৫৬৭৩৫০

স্মারক নং : ১৫১৬ - বিউবো (সচি)/ উন্নয়ন-৯০

তারিখ: ১৬/০৫/২০১১।

চেয়ারম্যান
বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন
টিসিবি ভবন (৪র্থ তলা)
১, কাওরান বাজার, ঢাকা।

বিষয় : বিদ্যুতের খুচরা মূল্যহার বৃদ্ধির সংশোধিত প্রস্তাব প্রসংগে।

মহোদয়,

বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড বর্তমানে বিদ্যুৎ উৎপাদন ও বিতরণের দায়িত্বে নিয়োজিত আছে। বিউবো আইপিপি, আরপিসিএল, ভাড়া ভিত্তিক বিদ্যুৎ কেন্দ্র ও আগুগঞ্জ পাওয়ার স্টেশন কোম্পানী লিঃ থেকে বিদ্যুৎ ক্রয় করে বাল্ক গ্রাহক যেমন, ডিপিডিসি, ডেসকো, ওজোপাডিকো ও আরইবি'র নিকট এবং নিজস্ব বিতরণ এলাকায় চট্টগ্রাম, কুমিল্লা, সিলেট, ময়মনসিংহ, রাজশাহী ও রংপুর জোনের খুচরা গ্রাহকদের নিকট বিইআরসির নির্ধারিত ট্যারিফে বিদ্যুৎ বিক্রি করছে।

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন এর আদেশে সর্বশেষ ফেব্রুয়ারী, ২০১১ থেকে খুচরা গ্রাহকের প্রায় ৫% বিদ্যুতের মূল্য বৃদ্ধি করা হয়। কিন্তু এ মূল্য বৃদ্ধি সরবরাহ ব্যয়ের সাথে সামঞ্জস্যপূর্ণ ছিল না। তাছাড়া ফেব্রুয়ারী, ২০১১ ও আগস্ট ২০১১ হতে ২ ধাপে প্রায় ১৬% হারে বাল্ক বিদ্যুৎ বিক্রয় মূল্য হার বৃদ্ধি করা হয়েছে। ফলে বিউবো এর জোন সমূহের বিদ্যুৎ ক্রয় মূল্য বৃদ্ধি পেয়েছে। বাল্ক বিদ্যুৎ মূল্যহার বৃদ্ধির সাথে খুচরা মূল্যহার বৃদ্ধি করা না হলে বিউবোর বিতরণ জোন সমূহের নীট ক্ষতির পরিমাণ আরও বৃদ্ধি পাবে।

বিদ্যুৎ উন্নয়ন বোর্ড এর জোন সমূহের খুচরা বিদ্যুৎ বিক্রয় মূল্যহার ২০০৯-১০ সালের Accounting cost এর ভিত্তিতে নির্ণয়কৃত সরবরাহ ব্যয় অনুযায়ী বৃদ্ধি করার প্রস্তাব করা হয়েছিল অতঃপর বাল্ক ট্যারিফ ফেব্রু/১১ ও আগস্ট/১১ হতে ২ ধাপে প্রায় ১৬% হারে বৃদ্ধি এবং ফেব্রু/১১ হতে খুচরা ট্যারিফ প্রায় ৫% বৃদ্ধি বিবেচনা করে বিউবোর বর্তমান বিদ্যুতের খুচরা ট্যারিফ ১/৭/১১ ও ১/৯/২০১১ হতে কার্যকর যথাক্রমে প্রায় ৯% ও ১০% হারে ২ ধাপে বৃদ্ধির সংশোধিত প্রস্তাব করা হয়েছে।

প্রস্তাবে আবাসিক গ্রাহকের ৩টি ধাপ পরিবর্তন করে ৪ টি ধাপের প্রস্তাব করা হয়েছে এবং ২য় হতে ৪র্থ ধাপের গ্রাহকদের সমুদয় ব্যবহৃত ইউনিটের উপর ঐ ধাপের হার প্রযোজ্যের প্রস্তাব করা হয়েছে। ২৩০ কেভি গ্রাহকের জন্য একটি নতুন গ্রাহক শ্রেণীর (জি-৩) প্রস্তাব করা হয়েছে। এ ছাড়াও সকল গ্রাহক শ্রেণীর জন্য মানসম্মত ও লোডশেডবিহীন সরবরাহের জন্য তরল জ্বালানীতে উৎপাদন ব্যয়ের সাথে সামঞ্জস্য রেখে নতুন একটি মূল্যহার (কিউ) এর প্রস্তাব করা হয়েছে।

এমতাবস্থায় বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ অনুযায়ী উপস্থাপিত বিউবোর খুচরা বিদ্যুতের বিক্রয় মূল্যহার বৃদ্ধির প্রস্তাব এর উপর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ খুচরা বিদ্যুতের বিক্রয় মূল্যহার বৃদ্ধির প্রস্তাব।

নির্দেশক্রমে,

(মোঃ আজিজুল ইসলাম)

সচিব

বিদ্যুৎ উন্নয়ন বোর্ড

(চলমান পাতা-২)

স্মারক নং : ১৫১৬ - বিউবো (সচি)/ উন্নয়ন-৯০

তারিখঃ ১৬ /৫/২০১১ ।

অনুলিপিঃ

- ১। সচিব, বিদ্যুৎ বিভাগ, বিজ্ঞাখস মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(ট্যারিফ প্রস্তাব এর কপি সহ)
- ২। চেয়ারম্যান, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা।
- ৩। মহাপরিচালক, পাওয়ার সেল, ১ আব্দুল গণি রোড, বিদ্যুৎ ভবন, ঢাকা।
- ৪। সদস্য, প্রশাসন/ বিতরণ /অর্থ/উৎপাদন /পি এন্ড ডি, বিউবো, ঢাকা।
- ৫। মহাব্যবস্থাপক, বাণিজ্যিক পরিচালন, বিউবো, ঢাকা।
- ৬। দপ্তর নথি।

(মোঃ আলী আশরাফ)

সিঃ সেকশন অফিসার

খুচরা বিদ্যুৎ ট্যারিফ বৃদ্ধির সংশোধিত প্রস্তাব

ভূমিকা (Introduction)

বিদ্যুৎ উন্নয়ন বোর্ড দেশের সামগ্রিক বিদ্যুৎ উৎপাদন , Single buyer হিসাবে বিদ্যুৎ ক্রয় , ইউটিলিটি সমূহকে বাল্ক বিদ্যুৎ বিক্রয় ও নিজস্ব বিতরণ জোন সমূহে সরাসরি খুচরা গ্রাহকের নিকট বিদ্যুৎ সরবরাহ করছে । ক্রমবর্ধমান বিদ্যুতের চাহিদা মেটানোর জন্য বিউবো বিদ্যুৎ উৎপাদনের জন্য প্রয়োজনীয় গ্যাস এর সরবরাহ না পাওয়ায় ব্যয় বহুল তরল জ্বালানীতে বিদ্যুৎ উৎপাদন ও তরল জ্বালানীতে উৎপাদিত বিদ্যুৎ উচ্চমূল্যে আইপিপি ও রেন্টাল বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র হতে ক্রয় করতে বাধ্য হচ্ছে । ফলশ্রুতিতে বিদ্যুতের উৎপাদন ব্যয় বিপুল পরিমাণ বৃদ্ধি পাওয়ায় ইতোমধ্যে বাল্ক ট্যারিফ রেট ফেব্রুয়ারী ২০১১ ও আগস্ট ২০১১ হতে ২ ধাপে প্রায় ১৬% শতাংশ হারে বৃদ্ধি করা হয়েছে । অন্তর্বর্তীকালীন ব্যবস্থা হিসাবে খুচরা ট্যারিফ ফেব্রুয়ারী ২০১১ হতে প্রায় ৫% বৃদ্ধি করা হয়েছে । বাল্ক ট্যারিফ বৃদ্ধির সাথে সামঞ্জস্য রেখে এবং খুচরা ট্যারিফ এর ৫% বৃদ্ধি বিবেচনায় এনে বিউবোর জোন সমূহের খুচরা বিদ্যুৎ ট্যারিফ বৃদ্ধির সংশোধিত প্রস্তাব করা হয়েছে ।

১। ট্যারিফ প্রস্তাবের সারসংক্ষেপ (Summary of Tariff Proposal)

২০০৯-১০ এর বিদ্যুৎ বিক্রি অনুযায়ী প্রতি ইউনিট খুচরা গড় বিদ্যুৎ ট্যারিফ প্রায় ৩.৬২ টাকা এবং ঐ সময়ে খুচরা পর্যায়ে সরবরাহ ব্যয় ছিল ৪.১৮ টাকা । বর্তমান প্রস্তাবে পূর্ববর্তী ঘাটতি সরবরাহ ব্যয় পূরণ সহ প্রস্তাবিত বাল্ক বিদ্যুৎ ট্যারিফ বৃদ্ধি হিসাব ও অন্তর্বর্তীকালীন ৫% খুচরা ট্যারিফ বৃদ্ধি সমন্বয় করে প্রথম ধাপে ১/৭/২০১১ হতে ৯% এবং ২য় ধাপে ১/৯/২০১১ হতে ১০% হারে খুচরা বিদ্যুৎ ট্যারিফ বৃদ্ধির প্রস্তাব করা হয়েছে । ১/৭/১১ হতে সার্ভিস চার্জ ও ডিমান্ড চার্জ বৃদ্ধি এবং ১/১/১২ হতে বাল্ক ট্যারিফ বৃদ্ধির সাথে সামঞ্জস্য রেখে শুধুমাত্র এনার্জি চার্জ বৃদ্ধির প্রস্তাব করা হয়েছে , তবে বর্ধিত সার্ভিস চার্জ ও ডিমান্ড চার্জ এর জন্য প্রাপ্ত বর্ধিত আয় ইউনিট চার্জ এর মূল্যবৃদ্ধিতে সমন্বয় দেখানো হয়েছে । প্রস্তাবে সংস্থার কোন রিটার্ন (Return) বিবেচনা করা হয়নি । ২০০৯-১০ বছরের খরচ থেকে Cost of Service বা বিতরণ খরচ নির্ণয় করা হয়েছে । ইতিপূর্বে খুচরা বিদ্যুৎ সরবরাহ ব্যয়ের তুলনায় খুচরা বিদ্যুৎ ট্যারিফ প্রয়োজনীয় পরিমাণ বৃদ্ধি না করায় সরবরাহ ব্যয় ও ট্যারিফের মধ্যে বেশ পার্থক্য দেখা দেয় । ফলে সংস্থাকে ক্ষতির সম্মুখীন হতে হয় । প্রস্তাবে আবাসিক গ্রাহকের ৩টি ধাপ পরিবর্তন করে ৪ টি ধাপের প্রস্তাব করা হয়েছে এবং ২য় হতে ৪র্থ ধাপের গ্রাহকদের সমুদয় ব্যবহৃত ইউনিটের উপর ঐ ধাপের হার প্রযোজ্যের প্রস্তাব করা হয়েছে ।

পাতা-২

২৩০ কেভি গ্রাহকের জন্য একটি নতুন গ্রাহক শ্রেণীর (জি-৩) প্রস্তাব করা হয়েছে । এ ছাড়াও সকল গ্রাহক শ্রেণীর জন্য মানসম্মত ও লোডশেডবিহীন সরবরাহের জন্য তরল জ্বালানীতে উৎপাদন ব্যয়ের সাথে সামঞ্জস্য রেখে নতুন একটি মূল্যহার (কিউ) এর প্রস্তাব করা হয়েছে ।

বিগত বৎসর গুলিতে খুচরা বিদ্যুৎ ট্যারিফ নিরূপ হারে বৃদ্ধি করা হয়েছিল :

ক্র. নং	ট্যারিফ বৃদ্ধির তারিখ	ট্যারিফ বৃদ্ধির পরিমাণ (%)
১।	আগষ্ট, ২০০২	৫.০০
২।	মার্চ, ২০০৭	৫.০০
৩।	মার্চ, ২০০৯	৫.০০
৪।	মার্চ, ২০১০	৫.০০
৫।	ফেব্রু, ২০১১	৫.০০

২) ট্যারিফ পরিবর্তনের প্রস্তাবের যৌক্তিকতা (Justification of Tariff Change Proposal)

ক) বিদ্যুতের অপচয় হ্রাস – বর্তমান বিদ্যুতের মূল্যহার প্রকৃত উৎপাদন ব্যয় অপেক্ষা কম এবং তুলনামূলক বাজারের অন্যান্য নিত্যপন্যের তুলনায় কম হওয়ায় বিদ্যুতের যথেষ্টব্যবহার হচ্ছে । অন্যান্য জ্বালানী ও নিত্য প্রয়োজনীয় দ্রব্যের বাজারমূল্যের তুলনায় বিদ্যুতের যৌক্তিক মূল্যহার নির্ধারিত হলে বিদ্যুতের অপচয় ও চাহিদা অনেকাংশে হ্রাস পাবে এবং অতি প্রয়োজনীয় কাজে বিদ্যুতের ব্যবহার নিশ্চিত হবে ।

খ) সরকারী ভর্তুকী হ্রাস – বিদ্যুতের উৎপাদন ব্যয়ের তুলনায় কমমূল্যে বিদ্যুৎ বিক্রয়ে সরকারকে বিপুল পরিমাণ ভর্তুকী দিতে হয় । এই ভর্তুকী সাধারণ করদাতাদের অর্থ হতে নির্বাহ করা হয়ে থাকে এবং অধিকতর আর্থিক ভাবে সচ্ছল ব্যক্তিরাই এই ভর্তুকীর সুবিধা প্রত্যক্ষ ভাবে পেয়ে থাকে । বিদ্যুতের সরবরাহ ব্যয়ের সাথে সামঞ্জস্যপূর্ণ মূল্যহার নির্ধারণ করা হলে সরকারী ভর্তুকীর হার অনেকাংশে হ্রাস পাবে এবং ঐ অর্থ দরিদ্র জনগোষ্ঠীর স্বাস্থ্য, শিক্ষার ন্যায় অতি প্রয়োজনীয় খাতের ব্যয় নির্বাহে ব্যবহার করা যাবে ।

গ) সংস্থার আর্থিক সক্ষমতা বৃদ্ধি – বিদ্যুতের মূল্যহার সরবরাহ ব্যয়ের তুলনায় কম হওয়ায় সংস্থা ক্রমশঃ আর্থিক ভাবে দুর্বল হয়ে পড়ছে , ফলে নতুন ভাবে বিনিয়োগ এবং গ্রাহক সেবার মান যথাযথ ভাবে বৃদ্ধি করতে পারছে না । সরবরাহ ব্যয়ের সাথে সামঞ্জস্যপূর্ণ মূল্যহার নির্ধারণ পূর্বক ট্যারিফজনিত ক্ষতি কমিয়ে সংস্থার আর্থিক সক্ষমতা বৃদ্ধি করা প্রয়োজন । এতে গ্রাহক সেবার মান বৃদ্ধি পাবে এবং সংস্থা অধিকতর উন্নয়ন কাজে বিনিয়োগের জন্য দাতা সংস্থার সহায়তা লাভে সক্ষম হবে ।

পাতা-৩

ঘ) আয় ও ব্যয়ের ভারসাম্য রক্ষা - বিগত ফেব্রু, ২০১১ এ বাল্ক ট্যারিফ বৃদ্ধির প্রেক্ষিতে Retail Tariff পঅন্ততবর্তী আলীন ব্যবস্থা হিসাবে ৫% খুচরা ট্যারিফ বৃদ্ধি করা হয়েছিল, যা খুচরা সরবরাহ ব্যয়ের তুলনায় প্রায় ১৫% কম । ১/৮/১১ হতে বাল্ক বিদ্যুৎ ক্রয় মূল্যহার বৃদ্ধি অনুযায়ী এবং বিতরণ খরচ বৃদ্ধির ফলে বিদ্যমান খুচরা পর্যায়ে আয় ও ব্যয়ের মধ্যে পার্থক্য আরও বৃদ্ধি পাবে । বিদ্যমান গড় বিতরণ ট্যারিফ এবং বাল্ক ট্যারিফ বৃদ্ধির জনিত সংস্থার লস কমিয়ে Break Even অবস্থায় আনার জন্য প্রস্তাবমতে খুচরা মূল্য বৃদ্ধি প্রয়োজন ।

৩) ট্যারিফ খুচরা সরবরাহ ব্যয়ের খাতওয়ারী বিবরণ -

ইউনিট প্রতি খুচরা সরবরাহ ব্যয় এর খাতওয়ারী অংশ

ক্রমিক	প্রধান ব্যয়ের খাত	১/২/২০১১ হতে		১/৮/২০১১হতে	
		পরিমাণ (টাকা/কিঃওঃঘঃ)	ব্যয়ের অংশ (%)	পরিমাণ (টাকা/কিঃওঃঘঃ)	ব্যয়ের অংশ (%)
১	বাল্ক রেটে বিদ্যুৎ ক্রয় মূল্য	২.৬৭১০	৬০.৬১ %	২.৮৪৯	৬২.১৪ %
২	হুইলিং চার্জ	০.২২৯	৫.২০ %	০.২২৯	৪.৯৯ %
৩	সংস্থাপন ব্যয়	০.৪১৪	৯.৩৯ %	০.৪১৪	৯.০৩ %
৪	অবচয় জনিত ব্যয়	০.৩৭৯	৮.৬০ %	০.৩৭৯	৮.২৭ %
৫	বিদ্যুৎ প্রবাহ জনিত ক্ষতি	০.৩৪৫	৭.৮৩ %	০.৩৪৫	৭.৫২ %
৬	ফাইনেসিং চার্জ	০.১৯৩	৪.৩৮ %	০.১৯৩	৪.২১ %
৭	সংরক্ষন ও মেরামত	০.১১৩	২.৫৬ %	০.১১৩	২.৪৬ %
৮	কাস্টমার সংক্রান্ত ব্যয়	০.০৫৪	১.২৩ %	০.০৫৪	১.১৮ %
৯	অন্যান্য	০.০০৯	০.২০ %	০.০০৯	০.২০ %
	মোট	৪.৪০৭	১০০%	৪.৫৮৫	১০০%

৪) প্রস্তাবিত ট্যারিফ নির্ণয়ের বিস্তারিত পদ্ধতি (Detailed Methodology for arriving the proposed Tariff)

- ট্যারিফ নির্ণয়ে কোন লাভ/মুনাফা বিবেচনা করা হয়নি অর্থাৎ Break-even অবস্থা বিবেচনা করা হয়েছে ।

১৩২ কেভি এবং ৩৩ কেভি এনার্জি ক্রয় মূল্যের সাথে হুইল চার্জ যোগ করে প্রতিটি ভোল্টেজ লেভেলে লস সমন্বয় করে ঐ লেভেলের এনার্জি চার্জ নির্ণয় করা হয়েছে ।

- ২০০৯-১০ অর্থ বছরকে Test Year ধরে এর প্রকৃত ব্যয়কে বিভিন্ন ভোল্টেজ লেভেলে বিতরণ ব্যয়কে ঐ লেভেলের ব্যবহৃত ইউনিটের ভিত্তিতে ভাগ করা হয়েছে।
- ১৩২ কেভি, ৩৩ কেভি, ১১ কেভি এবং ০.৪ কেভি ভোল্টেজ লেভেলে বিভিন্ন গ্রুপের গ্রাহক অনুযায়ী পূর্বের ন্যায় ট্যারিফ করা হয়েছে।
- মোট বিতরণ বিভিন্ন লেভেলের এনার্জি ফ্লো দ্বারা ভাগ করে সংশ্লিষ্ট লেভেলের Cost of Service / Distribution Cost নির্ধারণ করা হয়েছে। আর এর সাথে প্রতি ইউনিট এনার্জি চার্জ যোগ করে মোট ট্যারিফ নির্ণয় করা হয়েছে।
- এছাড়াও (Tariff Proposal) - আবাসিক ও কৃষিখাতের ট্যারিফ সহনীয় পর্যায়ে রাখার জন্য অন্যান্য গ্রাহকের ক্ষেত্রে Cross-Subsidy বিবেচনা করা হয়েছে।
- ২০০৯-১০ অর্থ বছরে মোট বিতরণ লস ১৩.১১% এবং ঐ বছর সরকার কর্তৃক নির্ধারিত লস টার্গেট ছিল ১২.৯০%। ট্যারিফ নির্ধারনে বিতরণ লস ১৩.০০% বিবেচনা করা হয়েছে।
- সার্ভিস চার্জ ও ডিমান্ড চার্জ এর প্রস্তাবিত বর্ধিত (১ম ধাপে) হার অনুযায়ী প্রাপ্ত বাড়তি আয়কে মোট রেকোয়ার্ড রেভিনিউ এর সাথে সমন্বয় করে রেট নির্ধারণ করা হয়েছে।

৫) ট্যারিফ পরিবর্তনের ফলে যারা **Affected** হবেন (**Persons affected due to change in tariff**)

চট্টগ্রাম, কুমিল্লা, রাজশাহী, ময়মনসিংহ, রংপুর ও সিলেট বিতরণ অঞ্চলের সব শ্রেণীর খুচরা গ্রাহকের বিদ্যুৎ খরচ পূর্বের তুলনায় কিছুটা বৃদ্ধি পাবে। শিল্প ও বানিজ্যিক গ্রাহকের মূল্যহার তুলনায় আবাসিক গ্রাহকের কম হারে বৃদ্ধি পাবে। ০-১০০ ইউনিট বিদ্যুৎ ব্যবহারকারী আবাসিক গ্রাহক এবং কৃষিখাতের মূল্যহার খুবই নগন্য হারে বৃদ্ধি পাবে। তবে গ্রাহকগণ বিদ্যুৎ ব্যবহারে একটু সশ্রমী হলে মোট ব্যয় এর পরিমাণ তেমন বৃদ্ধি পাবে না। আবাসিক গ্রাহকগণ অল্প পরিমাণ বিদ্যুৎ ব্যবহারের মাধ্যমে সশ্রমী মূল্যহার ব্যবহারের সুযোগ পাবেন। অপরদিকে বেশী পরিমাণ বিদ্যুৎ ব্যবহারকারী ধনাঢ্য গ্রাহকদের মূল্যহার বেশীহারে বৃদ্ধি করায় তারাও বিদ্যুৎ ব্যবহারে সশ্রমী হবেন। শিল্প ও বানিজ্যিক গ্রাহকগণ এর মূল্যহার পিক সময়ে বেশী নির্ধারণ করায়, তারা অফপিক সময়ে বিদ্যুৎ ব্যবহার করে সশ্রমী মূল্যের সুযোগ নিতে আগ্রহী হবেন এবং পিক সময়ে লোড ডিমান্ড হ্রাস পাওয়ায় বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা র উন্নয়ন ঘটবে।

পাতা-৫

৬) ট্যারিফ পরিবর্তনের ফলে বর্তমান ও ভবিষ্যৎ অর্থনৈতিক অবস্থার তুলনামূলক বর্ণনা (Comparative Statement of present and future financial position resulting from changes in Tariff)

বাল্ক সাপ্লাই মূল্যহার বৃদ্ধির সাথে বিদ্যুতের খুচরা ট্যারিফ বৃদ্ধি হওয়ায় ক্রমান্বয়ে মূল্যহার বৃদ্ধির মাধ্যমে বিদ্যুতের সরবরাহ ব্যয় ও মূল্যহার সমপর্যায় আসবে। সংস্থার আর্থিক সক্ষমতা বৃদ্ধির সাথে জাতীয় উন্নয়নে যথাযথ ভূমিকা রাখতে পারবে। সংস্থার আর্থিক সক্ষমতা বৃদ্ধি পেলে অধিকতর বিনিয়োগের মাধ্যমে বিদ্যুৎ উৎপাদন বৃদ্ধি, প্রিপেইড মিটার স্থাপন, বিদ্যুৎ ব্যবস্থা ও গ্রাহক সেবার মান উন্নয়ন এর মাধ্যমে জাতীয় অর্থনীতিতে অধিকতর প্রবৃদ্ধি ঘটবে।

৭) ট্যারিফ বৃদ্ধি অনুমোদন করা না হলে আর্থিক প্রভাব (Detail financial impact, if the tariff proposal is not approved)

২০০৯-১০ অর্থ বছরের হিসাব অনুযায়ী খুচরা সরবরাহ ব্যয়ের তুলনায় গড় খুচরা বিক্রয় মূল্য কম হওয়ায় বিউবো সাড়ে চারশ কোটি টাকা আর্থিক ক্ষতি হয়েছে। নিম্নে ক্ষতির পরিমাণ দেখানো হলো:

ইউনিট প্রতি খুচরা সরবরাহ ব্যয় ও বিক্রয়মূল্য পার্থক্য জনিত আর্থিক ক্ষতির পরিমাণ

২০০৯-১০

সরবরাহ লেভেল	খুচরা সরবরাহ ব্যয় (টাকা/কিঃওঃঘঃ)	গড় খুচরা বিক্রয় মূল্য (টাকা/কিঃওঃঘঃ)	গড় ইউনিট প্রতি ক্ষতি / লাভ	সরবরাহকৃত ইউনিট (মিঃ ইঃ)	ক্ষতির পরিমাণ (মিঃটাঃ)
১৩২ কেভি	৩.৭৫৮	২.৮৬	.৮৯৮	২৫৪.৬২	২২৮.৬৫
৩৩ কেভি	৩.৮৪৭	৩.৯১	০.০৬	৩৪৪.৪২	- ২১.৭০
১১ কেভি	৩.৯৫৫	৩.৯৪	০.১৫	১২৭৬.৯৮	১৯.১৫
.৪ কেভি	৪.২০৩	৩.৫৪	০.৬৬৩	৩৯৮৯.৪২	২৬৪৪.৯৯
গড়	৪.১৮	৩.৬২	০.৫৫১		
মোট ক্ষতির পরিমাণ					২৮৭১.০৯

বাল্ক ক্রয়মূল্য ফেব্রুয়ারী ২০১১ ও আগস্ট ২০১১ হতে প্রায় ১৬% হারে বৃদ্ধি হয়েছে ফলে খুচরা সরবরাহ ব্যয় আরও বৃদ্ধি পাবে এবং এর বিপরীতে ফেব্রুয়ারী ২০১১ হতে খুচরা ট্যারিফ ৫% হারে বৃদ্ধি পাওয়ায় আর্থিক ঘাটতির পরিমাণ আরও বাড়বে।

৮) গত তিন বছরের সিস্টেম লস (System Loss)

ক্রঃ নং	আর্থিক বছর	সিস্টেম লস (%)
১.	২০০৭-০৮	১৪.৪৩
২.	২০০৮-০৯	১৩.৫৭
৩.	২০০৯-১০	১৩.১১

পাতা-৬

৯) অন্যান্য তথ্যাদি

ট্যারিফ নির্ণয় সংক্রান্ত Excel Sheet

১০) খুচরা ট্যারিফ এর প্রস্তাব -

খুচরা ট্যারিফ বৃদ্ধির প্রস্তাব দুই অংশে দেখানো হলো , প্রথম অংশে স্থির আয়ের বর্ধিত প্রস্তাব, যা প্রথম ধাপে একবারই বৃদ্ধির প্রস্তাব করা হয়েছে এবং ১/৭/২০১১ হতে কার্যকর ।

বর্তমানে বিলম্বে বিল পরিশোধের জন্য গ্রাহককে প্রতি মাসে ২% হারে সারচার্জ অর্থাৎ বার্ষিক ২৪% শতাংশ হারে পরিশোধ করতে হয় । কোন কারণে গ্রাহকের কোন মাসের বিল অপরিশোধিত থাকলে সারচার্জের জন্য পরিশোধ করতে পারেন না । সাধারণ ভাবে গ্রাহকের ২ মাসের বিল বকেয়া থাকলে সংযোগ বিচ্ছিন্ন করা হয় । অন্যান্য ইউটিলিটির সাথে এই সারচার্জের হার অসামঞ্জস্য পূর্ণ হওয়ায় এবং গ্রাহক হয়রানী এড়ানো এবং ট্যারিফ সরলীকরণের জন্য সারচার্জ মাসিক ২% হারে এবং মূল বিলের সর্বোচ্চ ১০% আরোপের প্রস্তাব করা হচ্ছে ।

প্রস্তাবিত বিদ্যুতের খুচরা মূল্যহার কাঠামো :

(ডিমান্ড চার্জ , সার্ভিস চার্জ ও মিনিমাম চার্জ)

ক্রমিক নং	গ্রাহক শ্রেণী	বিদ্যমান মূল্যহার			বর্ধিত মূল্যহার		
		ডিমান্ড চার্জ টাকা/ কিঃওঃ	সার্ভিস চার্জ টাকা/মাস	মিনিমাম চার্জ	ডিমান্ড চার্জ টাকা/ কিঃওঃ	সার্ভিস চার্জ টাকা/মাস	মিনিমাম চার্জ
		০১।	শ্রেণী এঃ আবাসিক	১২.০০	৬.০০- ১ ফেজ ২৭.০০-৩ফেজ	১০০.০০	১৫.০০
০২।	শ্রেণী বিঃ কৃষি কাজে ব্যবহৃত পাম্প	৩৫.০০ (অনুমোদিত লোড ৩০কিঃওঃ এর উপরে)	২৫.০০	১২৫.০০/অম্বশক্তি	৪০.০০ (অনুমোদিত লোড ৩০কিঃওঃ এর উপরে)	৪০.০০	১২৫.০০ /প্রতি অম্বশক্তি
০৩।	শ্রেণী সিঃ ক্ষুদ্র শিল্প	৩৭.০০ (অনুমোদিত লোড ৪০কিঃওঃ এর উপরে)	৬৩.০০	-	১০.০০- ৪০কিঃওঃ পর্যন্ত ৪৫.০০ (অনুমোদিত লোড ৪০কিঃওঃ এর উপরে)	১০০.০০	
০৪।	শ্রেণী ডিঃ অনাবাসিক (আলো ও বিদ্যুৎ)	১৫.০০	৫.০০-১ ফেজ ২৫.০০-৩ফেজ	১০০.০০ প্রতি কিঃওঃ	২০.০০	১০.০০ ১-ফেজ ৫০.০০ ৩-ফেজ	১২৫.০০ /প্রতি কিঃওঃ
০৫।	শ্রেণী ইঃ বাণিজ্যিক	২২.০০	৬.০০- ১ ফেজ ২৭.০০-৩ফেজ	১২৫.০০ প্রতি কিঃওঃ	৩০.০০	১০.০০ ১-ফেজ ৫০.০০ ৩-ফেজ	১৫০.০০ /প্রতি কিঃওঃ
০৬।	শ্রেণী জেঃ রাস্তার বাতি ও পাম্প	৩৭.০০	২০৫.০০		৪৫.০০	৩০০.০০	
০৭।	শ্রেণী এফঃ মধ্যচাপ সাধারণ ব্যবহার (১১ কেভি)	৪২.০০	৩৫৫.০০	৮০.০০ প্রতি কিঃওঃ(মাসিক ৮০০০.০০ টাকার কম না)	৫০.০০	৫০০.০০	৯০.০০ প্রতি কিঃওঃ(মাসিক ৯০০০.০০ টাকার কম না)
০৮।	শ্রেণী এইচঃ উচ্চ চাপ সাধারণ ব্যবহার (৩৩ কেভি)	৩৭.০০	৪১০.০০	৮০.০০ প্রতি কিঃওঃ চুক্তিবদ্ধ চাহিদার জন্য	৫০.০০	৭৫০.০০	৯০.০০ প্রতি কিঃওঃ চুক্তিবদ্ধ চাহিদার জন্য
০৯।	শ্রেণী-জি-২ঃ অতি উচ্চ চাপ সাধারণ ব্যবহার (১৩২ কেভি)	৩৭.০০	-	৮০.০০ প্রতি কিঃওঃ	৫০.০০	১০০০.০০	৯০.০০ প্রতি কিঃওঃ চুক্তিবদ্ধ চাহিদার জন্য
১০।	শ্রেণী-জি-৩ঃ অতি উচ্চ চাপ সাধারণ ব্যবহার (২৩০ কেভি)	-	-	৮০.০০ প্রতি কিঃওঃ	৫০.০০	১২০০.০০	১০০.০০ প্রতি কিঃওঃ চুক্তিবদ্ধ চাহিদার জন্য

* বিলম্বে বিল পরিশোধের জন্য মাসিক ২% এবং বিলের উপর সর্বোচ্চ ১০% সারচার্জ পরিশোধ করতে হবে ।

২য় অংশে এনার্জি চার্জের বর্ধিতকরনের প্রস্তাব করা হয়েছে। বিদ্যমান খুচরা মূল্যহার ১/৭/২০১১ ইং হতে ৯% , এবং ১/৯/২০১১ ইং হতে ১০% বৃদ্ধির নিম্নরূপ প্রস্তাব করা হয়েছে। খুচরা ট্যারিফের মূল্যহার প্রস্তাবিত বান্ধ ট্যারিফ বৃদ্ধি সমন্বয় করে প্রস্তাব করা হয়েছে। এ প্রস্তাব অনুমোদিত হলে বিউবোর বাড়তি মুনাফা হবে না ,তবে ট্যারিফ জনিত ক্ষতির পরিমাণ হ্রাস পাবে।

সংশোধিত প্রস্তাবিত বিদ্যুতের খুচরা মূল্যহার ও কাঠামো :

ক্রমিক নং	গ্রাহক শ্রেণী	মূল্যহার ধাপ	বিদ্যমান মূল্যহার (টাকা/কিঃওঃঘঃ)	প্রস্তাবিত মূল্যহার (টাকা/কিঃওঃঘঃ)	
				১/৭/১১ হতে	১/৯/১১ হতে
১		২	৩	৪	৫
.৪০০ কেভি লেভেলে					
১	শ্রেণী-এঃ আবাসিক	(ক) প্রথম ধাপঃ ০-১০০ ইউনিট পর্যন্ত (খ) দ্বিতীয় ধাপঃ বিদ্যমান- ১০১ -৪০০ ইউনিট পর্যন্ত প্রস্তাবিতঃ ১০০ ইউনিটের উর্ধে ও ৫০০ ইউনিটের নিম্নের ক্ষেত্রে সম্পূর্ণ ব্যবহারের জন্য (গ) তৃতীয় ধাপঃ বিদ্যমান- ৪০০ ইউনিটের উর্ধে প্রস্তাবিতঃ ৫০০ ইউনিটের উর্ধে ও ১০০০ ইউনিটের নিম্নের ক্ষেত্রে সম্পূর্ণ ব্যবহারের জন্য (ঘ) চতুর্থ ধাপঃ প্রস্তাবিতঃ -১০০০ ইউনিটের উর্ধের ক্ষেত্রে সম্পূর্ণ ব্যবহারের জন্য	২.৬০ ৩.৪৬ ৫.৯৩ ৫.৯৩	২.৭০ ৩.৫০ ৬.০০ ৭.০০	২.৮০ ৪.০০ ৬.৫০ ৮.০০
২	শ্রেণী- বিঃ	কৃষি কাজে ব্যবহৃত সেচ পাম্প	১.৯৩	২.১০	২.৩০
৩	শ্রেণী-সিঃ ক্ষুদ্র শিল্প	(ক) ফ্ল্যাট রোট (খ) অফ-পিক সময়ে (গ) পিক সময়ে	৪.৫৬ ৩.৬৭ ৬.২৪	৫.১০ ৪.১০ ৭.৫০	৫.৭০ ৪.৭০ ৭.৭০
৪	শ্রেণী- ডিঃ	অনাবাসিক (আলো ও বিদ্যুৎ)	৩.৩৫	৩.৬০	৪.১০
৫	শ্রেণী-ইঃ বাণিজ্যিক	(ক) ফ্ল্যাট রোট (খ) অফ-পিক সময়ে (গ) পিক সময়ে	৫.৮৫ ৪.২৫ ৮.৮৭	৬.৪০ ৫.০০ ৯.০০	৭.১০ ৫.৭০ ৯.২০
৬	শ্রেণী -জেঃ	রাস্তার বাতি ও পাম্প	৪.১৭	৪.৪০	৪.৮০
১১ কেভি লেভেলে					
৭	শ্রেণী-এফঃ মধ্যচাপ (১১ কেভি)	(ক) ফ্ল্যাট রোট (খ) অফ-পিক সময়ে (গ) পিক সময়ে	৪.৩৭ ৩.৬০ ৭.৪৭	৪.৮০ ৩.৯০ ৭.৫০	৫.৫০ ৪.৫০ ৭.৬০
৩৩ কেভি লেভেলে					
৮	শ্রেণী-এইচঃ উচ্চ চাপ (৩৩ কেভি)	(ক) ফ্ল্যাট রোট (খ) অফ-পিক সময়ে (গ) পিক সময়ে	৪.১১ ৩.৪৯ ৭.১৬	৪.৭০ ৩.৭০ ৭.২০	৫.৩০ ৪.৪০ ৭.৪০
১৩২ কেভি লেভেলে					
৯	শ্রেণী-জি-২ঃ অতি উচ্চ চাপ (১৩২ কেভি)	(ক) ফ্ল্যাট রোট (খ) সময় ২৩.০০-০৮.০০ (গ) সময় ০৬.০০-১৩.০০ (স্থগিত) (ঘ) সময় ৮.০০-১৭.০০ (ঙ) সময় ১৭.০০-২৩.০০	৩.২৫ ১.৭১ ২.৮৫ ১.৯১ ৬.২৩	৪.৬০ ৩.৬০ ৩.৬০ ৬.৭০	৫.২০ ৪.৩০ ৪.৩০ ৭.২০
চলমান					

	২৩০ কেভি লেভেলে					
১০	শ্রেণী-জি-৩ঃ উচ্চ চাপ (২৩০ কেভি) (নতন প্রস্তাবিত)	অতি (ক) ফ্ল্যাট রেট (খ) সময় ২৩.০০-০৮.০০ (গ) সময় (ঘ) সময় ৮.০০-১৭.০০ (ঙ) সময় ১৭.০০-২৩.০০			৪.৬০ ৩.৬০ ৩.৬০ ৬.৭০	৫.২০ ৪.৩০ ৪.৩০ ৭.২০
	নতন প্রস্তাব	(সকল শ্রেণীর জন্য ,কারিগরী ভাবে ফিজিবল হওয়া সাপেক্ষে)				
১১	শ্রেণী-কিউ মানসম্মত ও লোড শেড বিহীন সরবরাহ	(ক) ২৩০ কেভিতে সরবরাহ (খ) ১৩২ কেভিতে সরবরাহ (গ) ৩৩ কেভিতে সরবরাহ (ঘ) ১১ কেভিতে সরবরাহ (ঙ) .৪ কেভিতে সরবরাহ	- - - - -	১২.৭৫ ১২.৮৫ ১৩.০৫ ১৩.২০ ১৩.৪০	১৩.৪০ ১৩.৫০ ১৩.৭০ ১৪.০০ ১৪.১০	
		গড় ট্যারিফ				

আবাসিক গ্রাহকের ২য় , ৩য় ও ৪র্থ ধাপের ক্ষেত্রে সমুদয় ব্যবহৃত ইউনিটের উপর সংশ্লিষ্ট ধাপের রেট প্রযোজ্য হবে । পিক/অফপিক মিটার না থাকলে এবং মিটারের ঘড়ি সঠিক না থাকলে শুধুমাত্র সেইসব ক্ষেত্রে সাময়িকভাবে ফ্ল্যাট রেট প্রযোজ্য হবে । বিলম্বে বিল পরিশোধের জন্য প্রতিমাস বা উহার অংশের জন্য মাসিক ২% হারে সারচার্জ আরোপিত হবে, তবে এই সারচার্জের পরিমাণ সর্বোচ্চ ১০% এর অধিক হইবে না ।

ট্যারিফ পরিবর্তনের ঘোষনার নোটিশ (খসড়া) (ডিমান্ড চার্জ , সার্ভিস চার্জ ও মিনিমাম চার্জ)

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
টিসিবি ভবন (৪র্থ তলা), ১, কারওয়ান বাজার, ঢাকা-১২১৫।

গণ-বিজ্ঞপ্তি

সূত্র নংঃ বিইআরসি/অর্থ-০১৩/

তারিখঃ

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের খুচরা গ্রাহক এর ডিমান্ড চার্জ , সার্ভিস চার্জ ও মিনিমাম চার্জ নিম্নোক্তভাবে পুনর্নির্ধারণ করেছেঃ

ক্রমিক নং	গ্রাহক শ্রেণী	বিদ্যমান মূল্যহার			বর্ধিত মূল্যহার		
		ডিমান্ড চার্জ টাকা/ কিঃওঃ	সার্ভিস চার্জ টাকা/মাস	মিনিমাম চার্জ	ডিমান্ড চার্জ টাকা/ কিঃওঃ	সার্ভিস চার্জ টাকা/মাস	মিনিমাম চার্জ
০১।	শ্রেণী এঃ আবাসিক	১২.০০	৬.০০- ১ ফেজ ২৭.০০-৩ফেজ	১০০.০০	১৫.০০	১০.০০-১ ফেজ ৫০.০০-৩ ফেজ	১০০.০০ /প্রতি কিঃওঃ
০২।	শ্রেণী বিঃ কৃষি কাজে ব্যবহৃত পাম্প	৩৫.০০ (অনুমোদিত লোড ৩০কিঃওঃ এর উপরে)	২৫.০০	১২৫.০০/অম্বশক্তি	৪০.০০ (অনুমোদিত লোড ৩০কিঃওঃ এর উপরে)	৪০.০০	১২৫.০০ /প্রতি অম্বশক্তি
০৩।	শ্রেণী সিঃ ক্ষুদ্র শিল্প	৩৭.০০ (অনুমোদিত লোড৪০কিঃওঃ এর উপরে)	৬৩.০০	-	১০.০০- ৪০কিঃওঃ পর্যন্ত ৪৫.০০ (অনুমোদিত লোড ৪০কিঃওঃ এর উপরে)	১০০.০০	
০৪।	শ্রেণী ডিঃ অনাবাসিক (আলো ও বিদ্যুৎ)	১৫.০০	৫.০০-১ ফেজ ২৫.০০-৩ফেজ	১০০.০০ প্রতি কিঃওঃ	২০.০০	১০.০০ ১-ফেজ ৫০.০০ ৩-ফেজ	১২৫.০০ /প্রতি কিঃওঃ
০৫।	শ্রেণী ইঃ বাণিজ্যিক	২২.০০	৬.০০- ১ ফেজ ২৭.০০-৩ফেজ	১২৫.০০ প্রতি কিঃওঃ	৩০.০০	১০.০০ ১-ফেজ ৫০.০০ ৩-ফেজ	১৫০.০০ / প্রতি কিঃওঃ
০৬।	শ্রেণী জেঃ রাস্তার বাতি ও পাম্প	৩৭.০০	২০৫.০০		৪৫.০০	৩০০.০০	
০৭।	শ্রেণী এফঃ মধ্যচাপ সাধারণ ব্যবহার (১১ কেভি)	৪২.০০	৩৫৫.০০	৮০.০০ প্রতি কিঃওঃ(মাসিক ৮০০০.০০ টাকার কম না)	৫০.০০	৫০০.০০	৯০.০০ প্রতি কিঃওঃ(মাসিক ৯০০০.০০ টাকার কম না)
০৮।	শ্রেণী এইচঃ উচ্চ চাপ সাধারণ ব্যবহার (৩৩ কেভি)	৩৭.০০	৪১০.০০	৮০.০০ প্রতি কিঃওঃ চুক্তিবদ্ধ চাহিদার জন্য	৫০.০০	৭৫০.০০	৯০.০০ প্রতি কিঃওঃ চুক্তিবদ্ধ চাহিদার জন্য
০৯।	শ্রেণী-জি-২ঃ অতি উচ্চ চাপ সাধারণ ব্যবহার (১৩২ কেভি)	৩৭.০০	-	৮০.০০ প্রতি কিঃওঃ	৫০.০০	১০০০.০০	৯০.০০ প্রতি কিঃওঃ চুক্তিবদ্ধ চাহিদার জন্য
১০।	শ্রেণী-জি-৩ঃ অতি উচ্চ চাপ সাধারণ ব্যবহার (২৩০ কেভি)	-	-	৮০.০০ প্রতি কিঃওঃ	৫০.০০	১২০০.০০	১০০.০০ প্রতি কিঃওঃ চুক্তিবদ্ধ চাহিদার জন্য

১। অনুমোদিত উক্ত হার ১, জুলাই ২০১১ থেকে কার্যকর হবে।

২। পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত এ আদেশ বলবৎ থাকবে।

কমিশনের আদেশক্রমে,

সচিব

ট্যারিফ পরিবর্তনের ঘোষনার নোটিশ (খসড়া) (বিদ্যুৎ বিক্রয় খুচরা মূল্যহার)

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
টিসিবি ভবন (৪র্থ তলা), ১, কারওয়ান বাজার, ঢাকা-১২১৫।

গণ-বিজ্ঞপ্তি

সূত্র নংঃ বিইআরসি/অর্থ-০১৩/

তারিখঃ

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের খুচরা গ্রাহককে সরবারহকৃত বিদ্যুৎ বিক্রয় মূল্যহার নিম্নোক্তভাবে পুনর্নির্ধারণ করেছেঃ

ক্রমিক নং	গ্রাহক শ্রেণী	মূল্যহার ধাপ	বিদ্যমান মূল্যহার (টাকা/কিঃওঃঘ)	প্রস্তাবিত মূল্যহার (টাকা/কিঃওঃঘ)	
				১/৭/১১ হতে	১/৯/১১ হতে
১		২	৩	৪	৫
	.৪০০ কেভি লেভেলে				
১	শ্রেণী-এঃ আবাসিক	(ক) প্রথম ধাপঃ ০-১০০ইউনিট পর্যন্ত (খ) দ্বিতীয় ধাপঃ বিদ্যমান- ১০১ -৪০০ ইউনিট পর্যন্ত প্রস্তাবিতঃ ১০০ ইউনিটের উর্ধ্বে ও ৫০০ ইউনিটের নিম্নের ক্ষেত্রে সম্পূর্ণ ব্যবহারের জন্য (গ) তৃতীয় ধাপঃ বিদ্যমান- ৪০০ ইউনিটের উর্ধ্বে প্রস্তাবিতঃ ৫০০ইউনিটের উর্ধ্বে ও ১০০০ইউনিটের নিম্নের ক্ষেত্রে সম্পূর্ণ ব্যবহারের জন্য (ঘ) চতুর্থ ধাপঃ প্রস্তাবিতঃ -১০০০ ইউনিটের উর্ধ্বে ক্ষেত্রে সম্পূর্ণ ব্যবহারের জন্য	২.৬০ ৩.৪৬ ৫.৯৩ ৫.৯৩	২.৭০ ৩.৫০ ৬.০০ ৭.০০	২.৮০ ৪.০০ ৬.৫০ ৮.০০
২	শ্রেণী- বিঃ	কৃষি কাজে ব্যবহৃত সেচ পাম্প	১.৯৩	২.১০	২.৩০
৩	শ্রেণী-সিঃ ক্ষুদ্র শিল্প	(ক) ফ্ল্যাট রেট (খ) অফ-পিক সময়ে (গ) পিক সময়ে	৪.৫৬ ৩.৬৭ ৬.২৪	৫.১০ ৪.১০ ৭.৫০	৫.৭০ ৪.৭০ ৭.৭০
৪	শ্রেণী- ডিঃ	অনাবাসিক (আলো ও বিদ্যুৎ)	৩.৩৫	৩.৬০	৪.১০
৫	শ্রেণী-ইঃ বাণিজ্যিক	(ক) ফ্ল্যাট রেট (খ) অফ-পিক সময়ে (গ) পিক সময়ে	৫.৮৫ ৪.২৫ ৮.৮৭	৬.৪০ ৫.০০ ৯.০০	৭.১০ ৫.৭০ ৯.২০
৬	শ্রেণী -জেঃ	রাস্তার বাতি ও পাম্প	৪.১৭	৪.৪০	৪.৮০
	১১ কেভি লেভেলে				
৭	শ্রেণী-এফঃ মধ্যচাপ (১১ কেভি)	(ক) ফ্ল্যাট রেট (খ) অফ-পিক সময়ে (গ) পিক সময়ে	৪.৩৭ ৩.৬০ ৭.৪৭	৪.৮০ ৩.৯০ ৭.৫০	৫.৫০ ৪.৫০ ৭.৬০
	৩৩ কেভি লেভেলে				
৮	শ্রেণী-এইচঃ উচ্চ চাপ (৩৩ কেভি)	(ক) ফ্ল্যাট রেট (খ) অফ-পিক সময়ে (গ) পিক সময়ে	৪.১১ ৩.৪৯ ৭.১৬	৪.৭০ ৩.৭০ ৭.২০	৫.৩০ ৪.৪০ ৭.৪০
	১৩২ কেভি লেভেলে				
৯	শ্রেণী-জি-২ঃ অতি উচ্চ চাপ (১৩২ কেভি)	(ক) ফ্ল্যাট রেট (খ) সময় ২৩.০০-০৮.০০ (গ) সময় ০৬.০০-১৩.০০ (স্থগিত) (ঘ) সময় ৮.০০-১৭.০০ (ঙ) সময় ১৭.০০-২৩.০০	৩.২৫ ১.৭১ ২.৮৫ ১.৯১ ৬.২৩	৪.৬০ ৩.৬০ ৩.৬০ ৬.৭০	৫.২০ ৪.৩০ ৪.৩০ ৭.২০

২৩০ কেভি লেভেলে					
১০	শ্রেণী-জি-৩ঃ অতি উচ্চ চাপ (২৩০ কেভি) (নতুন প্রস্তাবিত)	(ক) ফ্ল্যাট রেট (খ) সময় ২৩.০০-০৮.০০ (গ) সময় (ঘ) সময় ৮.০০-১৭.০০ (ঙ) সময় ১৭.০০-২৩.০০		৪.৬০ ৩.৬০ ৩.৬০ ৬.৭০	৫.২০ ৪.৩০ ৪.৩০ ৭.২০
	নতুন প্রস্তাব	(সকল শ্রেণীর জন্য , কারিগরী ভাবে ফির্জিবল হওয়া সাপেক্ষে)			
১১	শ্রেণী-কিউঃ মানসম্মত ও লোড শেড বিহীন সরবরাহ	(ক) ২৩০ কেভিতে সরবরাহ (খ) ১৩২ কেভিতে সরবরাহ (গ) ৩৩ কেভিতে সরবরাহ (ঘ) ১১ কেভিতে সরবরাহ (ঙ) .৪ কেভিতে সরবরাহ	- - - - -	১২.৭৫ ১২.৮৫ ১৩.০৫ ১৩.২০ ১৩.৪০	১৩.৪০ ১৩.৫০ ১৩.৭০ ১৪.০০ ১৪.১০
	গড় ট্যারিফ			৪.২৯	৪.৭৩

* আবাসিক গ্রাহকের ২য় , ৩য় ও ৪র্থ ধাপের ক্ষেত্রে সমুদয় ব্যবহৃত ইউনিটের উপর সংশ্লিষ্ট ধাপের রেট প্রযোজ্য হবে ।

* পিক/অফপিক মিটার না থাকলে এবং মিটারের ঘড়ি সঠিক না থাকলে শুধুমাত্র সেইসব ক্ষেত্রে সাময়িকভাবে ফ্ল্যাট রেট প্রযোজ্য হবে ।

* বিলম্বে বিল পরিশোধের জন্য প্রতিমাস বা উহার অংশের জন্য মাসিক ২% হারে সারচার্জ আরোপিত হবে, তবে এই সারচার্জের পরিমাণ সর্বোচ্চ ১০% এর অধিক হইবে না ।

১। অনুমোদিত উক্ত বিদ্যুৎ মূল্যহার ১, জুলাই ২০১১ থেকে কার্যকর হবে ।

২। পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত এ আদেশ বলবৎ থাকবে ।

কমিশনের আদেশক্রমে,

সচিব